আনন্দময়ীর আগমনে

## শিবদুর্গা বস্ত্রালয়

**রঘুনাথগঞ্জ তুলসীবিহার বাটীর উত্তর দরজা**

গ্রাহকগণের সুবিধার্থে মিল ও তাঁতের নানাবিধ ধুতি, শাড়ী, সার্টিং ও কোটিং আমদানী করা হয়েছে। আমাদের দোকানে আসিয়া সুলভে জিনিস ক্রয় করুন।

প্রোঃ—শিবদুর্গা বস্ত্রালয়

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

## বহরমপুর এক্সরে ক্লিনিক

জল গম্বুজের নিকট

**পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ**

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সম্ভব কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৪৮শ বর্ষ | রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—১৭ই আশ্বিন বুধবার ১৩৬৮ ইংরাজী 4th Oct 1961 | ২১শ সংখ্যা



সকল ঘরের তরে...

দীপ্তি লণ্ঠন

ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

C. P. Service

## রান্নায় আনন্দ

এই কেরোসিন কুকারটির অভিনবত্ব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না।

জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

- ধুলা, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
- স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
- যে কোনো অংশ সহজলভ্য।




## খাস জনতা

কেরোসিন কুকার

প্রস্তুতকারক
দি ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ
৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

জঙ্গিপুর সংবাদ সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য ২·২৫ নঃ পঃ, নগদ মূল্য ০৬ নঃ পঃ। বিজ্ঞাপনের হার প্রতিবার প্রতি লাইন ৫০ নঃ পঃ। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন। ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

বিনীত—শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)

ওয়েষ্ট বেঙ্গল বুক-বাইণ্ডিং হল

এখানে সকল প্রকার বই ও খাতা সুলভে বাঁধান হয়। পরীক্ষা প্রার্থনীয়।

শ্রীজি, সি, ঘোষ, রঘুনাথগঞ্জ।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

১৭ই আশ্বিন বুধবার সন ১৩৬৮ সাল।

### সংবাদপত্রের পৃষ্ঠানুপাতিক মুল্য নির্ধারণ আদেশ বাতিল করিয়া "জঙ্গিপুর সংবাদের" মত "লিলিপুটিয়ান" ক্ষুদ্রকায় কাগজের প্রাণ বাঁচিয়েছে

# সুপ্রিম কোর্টের রায়

নয়াদিল্লী, ২৫শে সেপ্টেম্বর সুপ্রিম কোর্ট আজ ১৯৬০ সালের পৃষ্ঠানুপাতিক দৈনিক সংবাদপত্রের মূল্য নির্ধারণ অর্ডার সংবিধান-বিরোধী ও বাতিল বলিয়া ঘোষণা করিয়াছেন। পুণায় সকল সংবাদপত্রগোষ্ঠী গভর্ণমেণ্টের আদেশ চ্যালেঞ্জ করিয়া সুপ্রিম কোর্টে যে আবেদন করিয়াছিল কোর্ট তাহা গ্রহণ করিয়াছেন। গভর্ণমেণ্টের আদেশে পৃষ্ঠানুপাতে সংবাদপত্রসমুহের মূল্য নির্ধারণের ব্যবস্থা ছিল। সুপ্রিম কোর্টের কনষ্টিটিউশন বেঞ্চ তাঁহাদের রায়ে বলেন যে, ১৯৫৬ সালের সংবাদপত্র ( মূল্য ও পৃষ্ঠা ) আইনের ৩ (১) ধারা এবং এতদনুযায়ী প্রদত্ত আদেশ 'সংবিধান বিরোধী' এবং পুণার সকল সংবাদপত্রগোষ্ঠীর' আবেদনটি খরচসহ মঞ্জুর করেন। রায়ে বলা হয় যে আইনের ৩ (১) ধারাটি খারাপ বলিয়া বাতিল করা হইলে 'আইনেরই আর কিছু অবশিষ্ট রহিল না' সুতরাং আইন ও আদেশ উভয়ই বাতিল বলিয়া গণ্য হইল।

১৯৬০ সালের ৭ই সেপ্টেম্বর আইনটি চালু হয় এবং ১৯৬১ সালের ৬ই সেপ্টেম্বর উহার মেয়াদ শেষ হইবার কথা। রায়ে বলা হয়: "এটর্ণী-জেনারেল আমাদিগকে বলিয়াছেন যে, এই আইনটির মেয়াদ আরও ৫ বৎসর বাড়াইয়া দিবার প্রস্তাব করা হইয়াছে এবং আমরা বুঝিতে পারিয়াছি, ইহার মেয়াদ এখন অনিদিষ্টকালের জন্য বাড়াইয়া দেওয়া হইয়াছে।" রায়ে আরও বলা হয়: এই আইনের ৩নং ধারাটিই সর্ব্বাধিক গুরুত্বপূর্ণ ধারা। সুতরাং ৩নং বাদ দিয়া যত খুসী মূল্য দাবী করার যে স্বাধীনতা সংবাদপত্রের আছে, এই আইন অনুযায়ী প্রদত্ত আদেশে সেই স্বাধীনতাকে ব্যাহত করা হইবে কারণ এই আদেশে সর্ব্বাধিক পৃষ্ঠা সংখ্যার জন্য একটি নির্দিষ্ট মূল্য নির্দ্ধারিত করা হইয়াছে। "এমতাবস্থায় ইহা না বলিলেও চলে যে, এই বিতর্কিত আদেশটির দ্বারা সংবাদপত্রের প্রচার সংখ্যার উপর বাধানিষেধ আরোপ করা হইবে।" "প্রত্যেক নাগরিকেরই তাহার মতবাদ প্রচারের অধিকার আছে এবং তাহার ইচ্ছামত যে কোন শ্রেণী এবং যে কোন সংখ্যক পাঠকের নিকট ইহা পৌছাইয়া দিবার অধিকারও তাহার আছে, অবশ্য সংবিধানের ১৯(২) অনুচ্ছেদ অনুযায়ী কোন আইন অনুসারে ইহার একটি সীমাও নির্দ্দিষ্ট করা যাইতে পারে।" সুপ্রিম কোর্ট বলেন যে, সংবাদপত্র ক্রেতারা যাহাতে সংগত মূল্যে সংবাদপত্র ক্রয় করিতে পারে, তাহার জন্যই পৃষ্ঠানুপাতে সর্ব্বনিম্ন মূল্য ধার্য করা হইতেছে না—উপরন্তু অধিক মুল্য নির্দ্ধারণপূর্ব্বক ক্রেতাদিগকে সংবাদপত্র ক্রয়ে বাধা দিয়া ইহার প্রচার-সংখ্যা কমাইবার জন্যই এইভাবে মূল্য নির্দ্ধারণ করিয়া দেওয়ার ব্যবস্থা করা হইতেছে। রায়ে বলা হয় যে, সংবাদপত্রের প্রচার-সংখ্যা কমাইবার জন্য আইনের ৩(১) ধারানুযায়ী কোন আদেশ জারীর অধিকার যদি কেন্দ্রীয় সরকারের থাকে, তাহা হইলে সংবাদপত্রগুলি তাহাদের পরিকল্পনানুযায়ী কাজ চালাইতে পারিবে না ও ইহাতে তাহাদের পরিকল্পনা সম্পূর্ণরূপে বানচাল না হইলেও ভীষণভাবে ব্যাহত হইবে। সুপ্রিম কোর্ট আরও বলেন যে, আইনানুযায়ী সংবাদপত্রের অতিরিক্ত সংখ্যা প্রকাশের স্বাধীনতা যদি সরকারের ইচ্ছা বা খুসীর উপর নির্ভরশীল হয়, তাহা হইলে সংবাদপত্রের স্বাধীনতার মূলে উহা স্বভাবতঃই আঘাত হানিবে। আমাদের সংবিধানে কতকগুলি অধিকারকে মৌলিক বলিয়া অভিহিত করা হইয়াছে, সুতরাং সংবিধানের ভাষাকে আক্ষরিক ব্যাখ্যা না করাই সঙ্গত এবং সংবিধানে প্রদত্ত এই সব মৌলিক অধিকারকে এইরূপ আক্ষরিক ব্যাখ্যা দ্বারা ক্ষুন্ন না করাই উচিত হইবে। সংবিধানে প্রদত্ত অধিকারগুলি নাগরিকরা যাহাতে পুর্ণভাবে ভোগ করিতে পারে, সংবিধানের সেইরূপ ব্যাখ্যা করাই আদালতের পক্ষে সঙ্গত কাজ হইবে। "এই নীতি স্মরণ রাখিলে ইহা সুস্পষ্ট হইয়া উঠিবে যে, বলার বা প্রকাশের স্বাধীনতার মধ্যেই যে কোন উপায়ে কাহারও ভাব ও অভিমত প্রচার বা প্রকাশের পূর্ণ স্বাধীনতাও নিহিত আছে। অবশ্য সংবিধানের ১৯ অনুচ্ছেদের (২) ধারানুযায়ী আইনসঙ্গতরূপে আরোপিত বিধিনিষেধগুলি মানিয়া এই স্বাধীনতা প্রয়োগ করিতে হইবে।

---

### পশ্চিমবঙ্গ সরকারের জুরী প্রথা বিলোপ

গত ২০শে সেপ্টেম্বর তারিখে পশ্চিমবঙ্গ মন্ত্রীসভা স্থির করিয়াছেন যে, আগামী ১১ই নভেম্বর ১৯৬১ তারিখ হইতে হাইকোর্ট এবং সিটি কোর্ট ছাড়া পশ্চিমবঙ্গের জেলাগুলিতে জুরীর সাহায্যে বিচার প্রথা বিলোপ হইয়া যাইবে। —প্রেসনোট

---

### ইংলিশ চ্যানেল অতিক্রমে ব্রজেন দাসের রেকর্ড সৃষ্টি

ইংলণ্ড, ২২শে সেপ্টেম্বর পাকিস্তানের খ্যাতনামা সাঁতারু ব্রজেন দাস অদ্য ষষ্ঠবার ইংলিশ চ্যানেল অতিক্রম করিবার কৃতিত্ব অর্জ্জন করেন। তাঁহার ফ্রান্স হইতে ইংলণ্ড অতিক্রম করিতে ১০ ঘণ্টা ৩৫ মিনিট সময় লাগে। ইহাতে নূতন রেকর্ড সৃষ্টি হয়। ১১ বৎসর পূর্ব্বে মিশরীয় সাঁতারু হাসান আবদুল রহিম ১০ ঘণ্টা ৫০ মিনিটে অতিক্রম করিয়া রেকর্ড করিয়াছিলেন। ইহা ব্যতীত ব্রজেন দাসের ছয়বার ইংলিশ চ্যানেল অতিক্রম ইহাও এক রেকর্ড সৃষ্টি করে। ব্রজেন দাস ডোভারে ফিরিয়া বলেন রেকর্ড ভঙ্গ করার জন্য আমি আনন্দ বোধ করিতেছি। আগামী বৎসর আমি ইংলিশ চ্যানেলের দুইদিক হইতে অবিরাম সন্তরণ করিবার চেষ্টা করিব।

## জয়তু গান্ধীজী



গত ২রা অক্টোবর সোমবার সমস্ত দেশে গান্ধীজীর জন্মদিবস প্রতিপালিত হইয়াছে। অন্যান্য পর্ব্ব দিবসের মত পঞ্জিকায় তাঁহার জন্মদিবস সন্নিবেশিত হইয়াছে। গান্ধীজী দরিদ্র ভারতের মঙ্গলার্থে অনেক করিয়াছেন, অনেক বলিয়াছেন। আজকাল অনেক ভুঁইফোড় নেতা ফাঁকা ভাষণ দিয়া, কৃত্রিম চোখের জল ফেলিয়া গান্ধীজীর নাম ভাঙ্গাইয়া মতলব হাসিল করেন। আন্ত-রিকতা বড় একটা দেখা যায় না। আমরা তাঁহার আত্মার উদ্দেশ্যে অবনত মস্তকে শ্রদ্ধা নিবেদন করিতেছি।

---

আগামী সাধারণ নির্ব্বাচনে

### মার্কা প্রথায় ভোট গ্রহণ

সম্প্রতি লোকসভায় আইন মন্ত্রী শ্রীঅশোক সেন বলেন যে, নির্ব্বাচন কমিশন আগামী ১৯৬২ সালের নির্ব্বাচনকালে অধিকাংশ অঞ্চলে ১৯৫৭ সালের সাধারণ নির্ব্বাচনে অবলম্বিত ব্যালট প্রথার পরিবর্ত্তে মার্কা প্রথায় ভোট গ্রহণের প্রস্তাব করিয়াছেন। এই প্রথায় অনেক সুবিধা আছে।

## পশ্চিমবঙ্গ সরকার

### মেট্রিক বাটখারা, দাঁড়িপাল্লা ও ওজন সংক্রান্ত যন্ত্রাদি মজুত ও বিক্রয়

## বিজ্ঞপ্তি

কলিকাতা ও হাওড়া মিউনিসিপ্যাল অঞ্চলে মেট্রিক ওজন ও ওজন সংক্রান্ত যন্ত্রপাতির ব্যবহার গত ১লা অক্টোবর, ১৯৬০ সাল হইতে আইনতঃ বাধ্যতামূলক হইয়াছে। পশ্চিমবঙ্গের অন্যান্য সমস্ত অঞ্চলেও ইহাদের ব্যবহার অনুমোদন করা হইয়াছে এবং ১লা এপ্রিল, ১৯৬২ সাল হইতে আইনতঃ বাধ্যতামূলক হইবে। এই সমস্ত অঞ্চলে "ওয়েষ্ট বেঙ্গল ষ্ট্যাণ্ডার্ডাস অব ওয়েটস্ এণ্ড মেজার্স (এনফোর্সমেণ্ট) রুলস্, ১৯৫৯" অনুসারে উক্ত নিয়মে বর্ণিত মেট্রিক বাটখারা, দাঁড়িপাল্লা ও ওজন সংক্রান্ত যন্ত্রাদি মজুত ও বিক্রয় করিতে হইলে পশ্চিমবঙ্গের ওজন ও মাপের নিয়ামকের নিকট হইতে লাইসেন্স লইতে হইবে। বিনা লাইসেন্সে এই সমস্ত সামগ্রী বিক্রয় আইনতঃ দণ্ডনীয়।

লাইসেন্স গ্রহণেচ্ছু ব্যবসায়ী ও দোকানদারগণকে দরখাস্ত ফরমের জন্য ৪৫নং গণেশচন্দ্র এভিনিউ, (৪র্থ তলা), কলিকাতা-১৩-এ অবস্থিত ওজন ও মাপের নিয়ামকের অফিসে আবেদন করিতে হইবে। যোগ্যতা সম্বন্ধে অনুসন্ধানের ফল সন্তোষজনক হইলে প্রার্থীদের লাইসেন্স দেওয়া হইবে।

জঙ্গিপুর মহকুমা

রবীন্দ্র-জন্ম-শতবার্ষিক সমিতির

### বিশেষ সাংস্কৃতিক অধিবেশন

বর্ষার ভাবগম্ভীর সন্ধ্যায় গত ১৪ই আশ্বিন রবিবার জঙ্গিপুর কলেজ হলে মহকুমা-শাসক শ্রীঅমলকৃষ্ণ গুপ্ত মহাশয়ের সভাপতিত্বে রবীন্দ্র-জন্ম-শতবার্ষিকীর বিশেষ অধিবেশন অনুষ্ঠিত হইয়াছে। উক্ত সভায় কেন্দ্রীয় সরকারের বৈজ্ঞানিক গবেষণা ও সাংস্কৃতিক দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী ডাঃ হুমায়ুন কবীর সাহেব প্রধান অতিথির আসন অলঙ্কৃত করেন। নিমন্ত্রিতার কুমারী দেবযানী চৌধুরী কর্ত্তৃক উদ্বোধন ও সমাপ্তি সঙ্গীত গীত হয়। অভ্যর্থনা সমিতির সভাপতি, রবীন্দ্র-জন্ম-শত-বার্ষিকীর সভাপতি, ইউনিয়ন বোর্ড সমিতির সভাপতি ও জঙ্গিপুর কলেজের অধ্যক্ষ মহাশয়-গণ ডাঃ কবীরকে অভিনন্দনপত্র প্রদান করেন।

কুমারী রেখা লালা—'ভারততীর্থ'; শ্রীবিশ্বপতি চ্যাটার্জি—'নৈবেদ্য' আবৃত্তি করেন এবং অধ্যাপক শ্রীশঙ্কর দত্ত 'সুন্দর' প্রবন্ধ পাঠ করেন। প্রধান অতিথি সাহেবের ডেপুটী মন্ত্রী ডাঃ মনোমোহন দাস মহাশয়, প্রধান অতিথি ডাঃ কবীর সাহেব, সভাপতি মহাশয় বিশ্বকবি স্বর্গীয় রবীন্দ্রনাথের প্রতিভা ও দান এবং সারা বিশ্বে তাঁহার প্রতি সম্মান প্রদর্শন সম্বন্ধে বক্তৃতা করেন। জঙ্গিপুরে 'রবীন্দ্র ভবন' নির্ম্মাণের ব্যবস্থা হইলে কেন্দ্রীয় সরকারের নিকট এক চতুর্থাংশ সাহায্য পাওয়া যাইবে বলিয়া ডাঃ কবীর সাহেব প্রতিশ্রুতি দেন। তিনি কুমারী দেবযানীর সঙ্গীত, কুমারী রেখার আবৃত্তি ও সভাক্ষেত্রে শৃঙ্খলার প্রশংসা করেন। সভায় বিপুল জনসমাগম হইয়াছিল।

---



বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর।

সি, কে, সেনের

# আমলা কেশ তৈল



সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ,
জবাকুসুম হাউস, কলিকাতা-১২

## সারিবাদ্যাসব

এর প্রতি ফোঁটাই আপনার রক্তের বিশুদ্ধতা আনবে এবং দেহে নূতন শক্তি ও উৎসাহের সঞ্চার করবে।

সাধনা ঔষধালয়ের প্রস্তুত আদর্শ দাঁতের মাজন সাধনা দশন এবং অন্যান্য ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেন্ট—শ্রীননীগোপাল সেন, কবিরাজ
আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী।
রঘুনাথগঞ্জ (সদরঘাট)

## দি আর্ট ইউনিয়ন প্রিন্টিং ওয়ার্কস

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট কলিকাতা—৬

টেলিগ্রাম: "আর্ট ইউনিয়ন" টেলিফোন: বড়বাজার ৪১২

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ ক্রেডিট সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার [illegible]
সর্ব্বদা সুলভ মূল্যে [illegible]

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে [illegible]

আমেরিকায় আবিষ্কৃত

## ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

## মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ২৲ দুই টাকা ও মাশুলাদি ১·১৯ এক টাকা উনিশ নয়া পয়সা।

সোল এজেন্ট:—ডাঃ ভি, ভি, হাজরা
ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪

## আর. পি. ওয়াচ কোং

জঙ্গিপুর পৌরসভার দক্ষিণে
পোঃ রঘুনাথগঞ্জ — জেলা মুর্শিদাবাদ।

ছোট বড় যে কোন ঘড়ি, দেওয়াল ঘড়ি ও হাতঘড়ি সুলভে নির্ভরযোগ্য মেরামতের জন্য আর. পি. ওয়াচ কোং র দোকানে পাঠিয়ে দিন। বিনীত—শ্রীশঙ্করপ্রসাদ ভকত

বিঃ দ্রঃ—আমরা যে কোন কোম্পানীর নূতন ঘড়ি দুই সপ্তাহের মধ্যে ন্যায্য মূল্যে সরবরাহ করিয়া থাকি।

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।